# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ই-মেইলঃ deanoffice.fmbs@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd


## খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি ( অক্টোবর- ২০২৪ সেমিস্টার)

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এর অক্টোবর - ২০২৪ সেমিস্টারের "এমবিএ ইন মেরিটাইম বিজনেস (এমএমবি) এবং এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (এমটিএইচএম)" প্রোগ্রামে নিম্নলিখিত বিষয়ের জন্য খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে **আগামী ০৩ অক্টোবর ২০২৪** তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

২। বিষয়সমূহঃ

| SL | Department | Program | Course Code and Title |
|---|---|---|---|
| 1. | Management | MBA in Maritime Business | MB 510: Multi-modal Transportation Systems |
| | | | MB 512: Legal Environment of Maritime Business |
| 2. | Maritime Tourism & Hospitality Management | MBA in Maritime Tourism & Hospitality Management | MTHM 504: Security and Legal Aspects of Tourism |
| | | | MTHM 507: Resort and Hotel Management |

৩। শিক্ষাগতযোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল/সমমানডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হবে। এসএসসি হতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত নূন্যতম ০৩টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড থাকতে হবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হবে না।

৪। অভিজ্ঞতাঃ

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হবেন।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানে শিক্ষকগণের ক্ষেত্রে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং নূন্যতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হবেন।

গ। যে সকল বিষয়ে পেশাগত শিক্ষক সহজে পাওয়া যায় না, সে সকল বিষয়সহ অন্যান্য পেশাগত বিষয় সংযুক্ত করতঃ কর্পোরেট সংস্থা/সরকারি সংস্থা হতে যোগ্য ব্যক্তি/ব্যক্তিবর্গকে শিক্ষক হিসেবে নির্বাচন করার ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(১) সরকারী সংস্থায় কর্মরত প্রফেশনালসগণ নিজ প্রতিষ্ঠানে যে পদ/গ্রেডে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদ/গ্রেডে নিযুক্ত হবেন।

(২) কর্পোরেট সংস্থায় নিয়োজিত প্রফেশনালসদের ক্ষেত্রে নূন্যতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যূনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করার জন্য বিবেচিত হবেন।

ঘ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ছাড়পত্র থাকতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করতে হবে।

৭। একটি সেমিস্টারে একটি কোর্স প্রদানের জন্য খন্ডকালীন শিক্ষক হিসাবে নিয়োজিত শিক্ষকগণকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হবেঃ

| ক্রঃ নং | পদবী | সম্মানী (প্রতি কন্ট্যাক্ট আওয়ার হিসেবে) | মন্তব্য | |
|---|---|---|---|---|
| ১। | অধ্যাপক | ২,১০০.০০ | সকল সম্মানী উৎসে আয়কর কর্তনযোগ্য।<br>বিধি মোতাবেক অন্যান্য পারিতোষিক প্রাপ্য হবেন। | খন্ডকালীন শিক্ষক নিয়োগ নীতিমালা |
| ২। | সহযোগী অধ্যাপক | ২,০০০.০০ | | |
| ৩। | সহকারী অধ্যাপক | ১,৮০০.০০ | | |

**(বিশেষ দ্রষ্টব্যঃ আগ্রহী প্রার্থীগণ ০১ সেট আবেদন পত্র ডিন অফিস, ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্ট্যাডিজ বরাবর প্রেরণ করবেন।)**

Zahid